

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৪৯.০৪৯.১১(অংশ-১) - ৭৮৪

তারিখঃ ০৩/০৭/২০১৭

বিষয় : রাজস্ব তহবিলের অর্থায়নে শিবচর উপজেলা পরিষদের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এর স্মারক নং-৩২৯, তারিখ : ২২/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছর শেষ হওয়ায় শিবচর উপজেলা পরিষদ কর্তৃক সূত্রোক্ত স্মারকে প্রস্তাবিত প্রকল্পসমূহ বিবেচনা করা যায়নি। উক্ত প্রস্তাবিত প্রকল্পসমূহ বিদ্যমান রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ ও পরিপত্র অনুযায়ী যাচাই-বাছাইপূর্বক ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রাক্কলন, পরিষদ সভার সিদ্ধান্ত, নির্বাহী প্রকৌশলীর কারিগরী প্রতিবেদন এবং রাজস্ব তহবিলের স্থিতিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পুনঃ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(লুৎফুন নাহার) ০৭/০৭/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর, মাদারীপুর।

অনুলিপি :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।